গাংনীতে ধান কাটতে বাঁধা দেওয়ায় জমির মালিকের উপর হামলা

মেহেরপুরের গাংনীতে জমিতে জোর করে ধান কাটতে বাঁধা দেওয়ায় জমির মালিক মুনতাজ আলীকে (৪৩) পিটিয়ে গুরুতর আহত করেছে প্রতিপক্ষ। গাংনী উপজেলার জুগিরগোফা গ্রামে বৃহস্পতিবার বিকালে এ ঘটনা ঘটে। আহত মুনতাজ আলী জুগিরগোফা গ্রামের মৃত আক্কাস আলীর ছেলে। এলাকার মতিউর রহমান ওরফে উজ্জ্বল নামের এক ব্যক্তির বিরুদ্ধে এ অভিযোগ উঠেছে।
আহত মুনতাজ আলী বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। এই ঘটনায় ঠেকাতে গেলে প্রতিবেশী মাসুম আলী ও তার স্ত্রী আঙ্গুরা খাতুন ঠেকাতে গেলে তাদেরকেও পিটিয়ে রক্তাক্ত জখম করেছে উজ্জ্বল ।
জানা গেছে, জুগিরগোফা গ্রামের আব্দুল বারীর ছেলে উজ্জ্বল গতকাল বৃহস্পতিবার বিকালে মুনতাজ আলীর জমিতে জোর করে ধান কেটে গাড়ি বোঝাই করে নিয়ে আসছিলেন। এসময় মুনতাজ আলী তাকে ধান কাটছেন কেনো জানতে চাইলে বাকবিতন্ডা শুরু হয়। এক পঅযায়ে জমির মালিক মুনতাজ আলীকে মারপিট শুরু করে। শারীরিক নির্যাতনের পাশাপাশি রাস্তার উপর আছাঁড় মারে।
এ সময় প্রতিবেশী মাসুম আলী ও তার স্ত্রী আঙ্গুরা তাকে ঠেকাতে গেলে তাদেরও পিটিয়ে রক্তাক্ত জখম করে। পরে স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। এঘটনায় আহত মুনতাজ আলী মামলা করার প্রস্তুতি নিচ্ছেন।
স্থানীয়রা নাম না প্রকাশের শর্তে জানান, মতিউর রহমান ওরফে উজ্জ্বল একজন মাদকাসক্ত। তার বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ রয়েছে। গ্রামের অনেকেই তার নির্যাতনের স্বীকার।

কোটচাঁদপুরে ২১ আগস্ট গ্রেনেড হামলা উপলক্ষে দোয়া ও আলোচনা সভা

২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের আত্মার মাগফেরাত কামনায় কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগ আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান

দামুড়হুদায় ২১ আগস্টের গ্রেনেড হামলার প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিল

২১আগস্ট গ্রেনেড হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে কেন্দ্রীয় আওয়ামীলীগ নেতা হাশেম রেজা।

এ উপলক্ষে আজ সোমবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা বাসস্ট্যান্ড থেকে দৈউলী মোড় পর্যন্ত বিশাল এক বিক্ষোভ মিছিল শেষে বাসস্ট্যান্ড চত্বরে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় আওয়ামীলীগের ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক উপকমিটির সদস্য ও দৈনিক আমার সংবাদ, ডেইলী পোস্টের সম্পাদক হাশেম রেজা। এসময় তিনি বলেন, শোকের মাসে শক্তি সঞ্চয় করে আবারও নৌকার বিজয় সুনিশ্চিত করতে হবে। ১৯৭৫, ২০০৪সালের মতো আবারও গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে জামাত-বিএনপি। তাদের এই ষড়যন্ত্র কে প্রতিহত করতে হবে। সকল ভেদাভেদ ভুলে সকলকে এককাতারে এসে আবারও প্রমাণ করতে হবে আওয়ামীলীগ সরকার জণগণের সরকার।

এসময় আরও বক্তব্য রাখেন কুড়ালগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি হারুনুর রশিদ মোল্লা, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি রেজাউল করিম, নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি ইন্নাল শেখ, নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি মোহাম্মদ আলী, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি আইনুদ্দীন মেম্বার।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা যুবলীগের অন্যতম নেতা হাবিবুর রহমান হাবীব, আরিফুল ইসলাম, রাজু, দেলোয়ার হোসেন, পিন্টু, রকি, ইউসুফ, শেখ সাইদুর, জীবননগর উপজেলা যুবলীগ নেতা শাহাবুদ্দিন, শাকিল, তারিখ, জাহিদুল, সবুজ, জেবা প্রমুখ।

দামুড়হুদায় ২১ আগস্ট গ্রেনেড হামলার প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ

চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এমপি বলেন, ২০০৪ সালের ২১ আগস্ট বঙ্গবন্ধু অ্যাভিনিউতে আওয়ামী লীগের ‘সন্ত্রাস, জঙ্গিবাদ ও দুর্নীতিবিরোধী’ সমাবেশে গ্রেনেড হামলায় দলটির তৎকালীন মহিলা বিষয়ক সম্পাদক ও প্রয়াত রাষ্ট্রপতি জিল্লুর রহমানের সহধর্মিণী আইভি রহমানসহ ২৪ জন নেতাকর্মী নিহত হন। আহত হন পাঁচ শতাধিক। আহতদের অনেকে এখনও শরীরে গ্রেনেডের স্প্লিন্টার নিয়ে মানবেতর জীবনযাপন করছেন।

দামুড়হুদায় বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা মাননীয় প্রধানমন্ত্রী ও তৎকালীন বিরোধী দলের নেতা শেখ হাসিনাকে পরিকল্পিতভাবে হত্যার উদ্দেশ্যে, ২১শে আগস্ট গ্রেনেড হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বেলা ১১ টার দিকে দামুড়হুদায় প্রতিবাদ সমাবেশটি দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগ ও সহযোগী সংগঠনের নেতৃত্বে অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর। দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবুর সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম,জুড়ানপুর ইউনিয়ন চেয়ারম্যান সোহরাব হোসেন,সদর ইউনিয়ন চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান মোঃ আব্দুল করিম বিশ্বাস, কুড়ালগাছী ইউনিয়ন চেয়ারম্যান কামাল উদ্দীন, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)নিজাম উদ্দিনসহ এসময় উপজেলা আ,লীগ যুবলীগ,,কৃষক লীগ, ছাত্রলীগসহ বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

এসময় উপজেলা আওয়ামী লীগের সকল পর্যায়ের নেতৃবৃন্দ বিক্ষোভ

□□□□□□□□ □□□ □□□ □□□ □□□□□□□□ □□□□□□□